# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৯৮

৪. কিতাবুল ঈলম (كتاب العلم)

আরবী

أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ الْأَزْدِيُّ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: أَخْبَرَنَا عِيسَى بْنُ يُونُسَ قَالَ: حَدَّثَنَا الْأَعْمَشُ عَنْ إِبْرَاهِيمَ عَنْ عَلْقَمَةَ عَنْ عَبْدِ اللَّهِ قَالَ:

كُنْتُ أَمْشِي مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ في حرث بالمدينة وهو مُتَّكِئٌ عَلَى عَسِيبٍ فَمَرَّ بِنَفَرٍ مِنَ الْيَهُودِ فَقَالَ بَعْضُهُمْ لِبَعْضٍ: لَوْ سَأَلْتُمُوهُ! فَقَالَ بَعْضُهُمْ: لَا تَسْأَلُوهُ فيُسمعكم مَا تَكْرَهُونَ فَقَالُوا: يَا أَبَا الْقَاسِمِ أَخْبِرْنَا عَنِ الرُّوحِ فَقَامَ سَاعَةً يَنْتَظِرُ الْوَحْيَ فَعَرَفْتُ أَنَّهُ يُوحَى عَلَيْهِ فتأَخَّرْتُ عَنْهُ حَتَّى صَعِدَ الْوَحْيُ ثُمَّ قَرَأَ: {وَيَسْأَلُونَكَ عَنِ الرُّوحِ قُلِ الرُّوحُ مِنْ أَمْرِ رَبِّي وَمَا أوتيتم من العلم إلا قليلاً} الآية [الإسراء: 85].

□□ □□□□ □

[تعليق الشيخ الألباني]

صحيح: ق.

الحديث: 98 ¦ الجزء: 1 ¦ الصفحة: 208

বাংলা

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْأَعْمَشَ لَمْ يَكُنْ بِالْمُنْفَرِدِ فِي سَمَاعِ هَذَا الْخَبَرِ مِنْ عَبْدِ اللَّهِ بْنِ مُرَّةَ دُونَ غَيْرِهِ

এ হাদীসটি আব্দুল্লাহ ইবনু মুররাহ’র নিকট থেকে শ্রবনের ক্ষেত্রে আ’মাশ একাকী নন, বরং অন্যান্যদের থেকেও শুনেছেন- এ সংক্রান্ত বর্ণনাঃ

---

৯৮. ’আবদুল্লাহ্ ইবনু মাস’ঊদ (রাযি.) হতে বর্ণিত। তিনি বলেনঃ একদা আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর সাথে মাদীনার শস্যক্ষেত এলাকা দিয়ে চলছিলাম। তিনি একখানি খেজুরের ডালে ভর দিয়ে

একদল ইয়াহুদীর কাছ দিয়ে অতিক্রম করলেন। তখন তারা একজন অন্যজনকে বলতে লাগল, তোমরা যদি তাঁকে কিছু জিজ্ঞাসা করতে! আবার তাদের কেউ কেউ বলল, তোমরা তাঁকে কিছু জিজ্ঞাসা কর না, তাহলে সে তোমাদেরকে এমনকিছু শুনিয়ে দিবে, যা তোমরা অপছন্দ করবে। তারপরও তারা বলল, 'হে আবুল কাসিম! রূহ সম্পর্কে আমাদেরকে জানান?' তিনি কিছু সময় ওহীর অপেক্ষায় (চুপ করে) দাড়িয়ে রইলেন। আমি মনে হল, তাঁর প্রতি ওয়াহী অবতীর্ণ হচ্ছে। তাই আমি দাঁড়িয়ে রইলাম। অতঃপর যখন ওহীর অবতীর্ণ হওয়া শেষ হল তখন তিনি পাঠ করলেনঃ

''তারা তোমাকে রূহ সম্পর্কে প্রশ্ন করে। বল, রূহ আমার প্রতিপালকের আদেশ ঘটিত। এবং তাদেরকে সামান্যই জ্ঞান দেয়া হয়েছে।'' (সূরাহ্ আল-ইসরা ১৭/৮৫)[1]

## ফুটনোট

[1] আলবানী: সহীহ।
আরনাউত্ব: বুখারী মুসলিমের শর্তানুযায়ী সহীহ।
তাখরীজ: আহমাদ ১/৪৪৪, ৪৪৫; বুখারী ১২৫, ৪৭২১, ৭২৯৭, ৭৪৫৬; মুসলিম ২৭৯৪; তিরমিযী, ৩১৪০, ৩১৪১।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্‌ন মাসউদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87018

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন